আলমডাঙ্গায় নিখোঁজের পর পরিত্যক্ত পুকুরে মিললো শিশুর লাশ, হত্যার অভিযোগ

কানের দুল চুরি করাকে কেন্দ্র করে মরিয়ম নামের এক শিশুকে হত্যা করে পানিতে ফেলে দেওয়ার অভিযোগ উঠেছে। ঘটনাটি বৃহস্পতিবার আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের মাদারহুদা উত্তরপাড়ায় এ ঘটনাটি ঘটে।

এ ঘটনায় পুলিশ শিশুর লাশ উদ্ধার করে পোস্টমর্টেম রিপোর্টের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠায়। শিশু মহিয়ম হত্যার ঘটনায় এলাকাজুড়ে শোকের ছায়া নেমে আসে। ছোট মেয়েকে অকাল মৃত্যুতে মোর্চা যাচ্ছে তার মা।

এলাকাসূত্রে জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের মাদারহুদা উত্তরপাড়ার কৃষক খাইরুল ইসলামে ৩ সন্তানের ছোট মেয়ে মরিয়ম। শিশুটি মাদারহুদা প্রাথমিক বিদ্যালয়ের ১ম শ্রেণীর ছাত্রী।

বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে বন্ধুদের সাথে বাড়ির পাশে খেলা করছিলো শিশু মরিয়ম। দুপুরে গোসলের জন্য তার মা তাকে খুঁজতে থাকে। খুঁজে না পেলে এলাকার সাধারণ মানুষ মাঠ, বাগান ও বিভিন্ন এলাকায় খোঁজ করলেও তার কোন সন্ধান পাওয়া যায় না। দুপুর থেকে বিকেল পার হলেও শিশুর সন্ধান না পাওয়ায় এলাকার মসজিদে শিশু মরিয়মকে খুঁজে পাওয়া যাচ্ছে এমন সংবাদ প্রচার করা হয়।

এ খবর পেয়ে গ্রামবাসী বিভিন্ন পুকুরে শিশুর খোঁজে জাল দিয়ে ও পানিতে ডুব দিয়ে খুজতে থাকে। এসময় পুকুরের পানিতে ডুবন্ত অবস্থায় রওশন আরা নামের শিশু মরিয়মের চাচির পায়ে বাঁধে। শিশু মরিয়মকে পানিতে তুলে আনলে এলাকাজুড়ে হৈচৈ সৃষ্টি হয়।

শিশু মরিয়মের দাদি জানায়, মরিয়ম নিখোঁজ হওয়ার পূর্বে তার কানে স্বর্ণের দুল ছিলো। লাশ উদ্ধারের পর তার কানে কোন দুল পাওয়া যায়নি।

তিনি আরো বলেন, আমার নাতনিকে কেনো কানের দুলের জন্য হত্যা করা হলো। অপহরণ করলেও তো জমি জায়গা বিক্রয় করে আমার নাতনিকে ছাড়িয়ে

নিয়ে আসতাম।

রওশন আরা বলেন, বিকেলে গ্রামের অনেক লোকজন মিলে পুকুরের পানিতে খুঁজতে নামি। পুকুরের পানিতে হাটতে হাটতে পায়ে বাধে।তুলে দেখি মরিয়মের মৃত দেহ।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, রাতে একটি পুকুর থেকে মরদেহটি উদ্ধার করে পুলিশ। পরিবারের দাবি কানে মরিয়মের কানে স্বর্ণের দুটি দুল পাওয়া যায়নি। সুরতহাল প্রতিবেদন শেষে ময়নাতদন্তের জন্য শুক্রবার সকালে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে প্রেরণ করা হবে। এঘটনায় এখনো পর্যন্ত অভিযোগ পাইনি। ইতিমধ্যে বিষয়টি নিয়ে মাঠে নেমেছে পুলিশ।

আলমডাঙ্গায় সাবেক স্ত্রীর সাথে দেখা করতে এসে চোর ভেবে গণধোলাই

পরকীয়া প্রেমিকা মামির সাথে বিয়ে করে দুই বছর সংসার শেষে ডিভোর্সের পর দেখা করতে এসে গণধোলাই শিকার পোলতাডাঙ্গার আলমঙ্গীর। গত বুধবার রাত ১১ টার দিকে বাড়াদি ইউনিয়নের এনায়েতপুর এ ঘটনাটি ঘটে। ঘটনাটি এলাকাজুড়ে ছড়িয়ে পড়লে নিন্দার ঝড় ওঠে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার খাসকররা গ্রামের বজলু রহমানের মেয়ে চম্পা খাতুনের গত ৮ বছর পূর্বে বাড়াদি ইউনিয়নের পোলতাডাঙ্গা গ্রামে বিবাহ হয়। তাদের দাম্পত্য জিবনে দুটি কণ্যা সন্তান জন্ম নেয়।বিভিন্ন সময় তাদের সাংসারিক গোলোযোগ সৃষ্টি হয়।

এ সুযোগে পোলতাডাঙ্গা গ্রামের আমিনুল ইসলামের ছেলে আলমঙ্গীর মোবাইল ফোনে পরকীয়া সম্পর্ক গড়ে তোলে।

ভালোবাসার টানে স্বামীর সংসার দু মেয়ে রেখে পোলতাডাঙ্গা গ্রামের আলমঙ্গীরের হাত ধরে অজানা উদ্দেশ্যে পাড়ি জমায়। বিয়ে করে ঢাকায় ২ বছর সংসার করে। গত দুই মাস পূর্বে আলমঙ্গীর ও তার পরকীয়া

স্ত্রী চম্পা খাতুন নিজ গ্রামে ফিরে আসে।

পারিবারিক ভাবে ডিভোর্স দেয় দুই পক্ষ। ডিভোর্সের পর প্রেমিক আলমঙ্গীরকে ভুলে পূর্বের স্বামীর নিকট ফিরতে চায় চম্পা। পূণরায় পথের কাটা হয়ে দাড়ায় আলমঙ্গীর। আবারো চম্পাকে বিয়ে করবে বলে চম্পার প্রথম স্বামীকে মোবাইলে জানায়। এছাড়াও তাকে বিভিন্ন ধরণের হুমকি -ধামকি প্রদান করে।

এ সূত্র ধরে গত বুধবার রাত ১১ টার দিকে মোবাইলে যোগাযোগ করে চম্পার সাথে দেখা করতে আসে। স্থানীয়রা টের পেয়ে চোর ভেবে তাকে দাঁড়াতে বললে সে দৌড়ে পালাই। লোকজন ধাওয়া করে তাকে আটকে গণধোলাই দেয়। পরবর্তীতে সে চম্পার সাথে দেখা করতে এসেছে বলে স্থানীয়দের জানায়।

বৃহস্পতিবার সকালে আলমডাঙ্গা থানার এসআই খসরু আলম সঙ্গীয় ফোর্স ঘটনাস্থলে উপস্থিত হয়ে কারো অভিযোগ না থাকায় স্ব স্ব পরিবারের লিখিত মাধ্যমে আলমঙ্গীরকে পরিবারের নিকট হস্তান্তর করে।

দামুড়হুদায় বেগম রোকেয়া দিবস উপলক্ষে জয়ীতা নারীদের সংবর্ধনা

দামুড়হুদা উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অফিসের আয়োজনে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ ও বেগম রোকেয়া দিবস ২০২১ উদযাপন উপলক্ষে “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমের আওতায় জয়িতা বাংলার নারীদের সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টায় দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন শিক্ষানুরাগী ও সাবেক অধ্যাপক এমএ গফুর, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আবু হেনা মোঃ জামাল শুভ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, আব্দুল ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, উপজেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ইসহাক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ুব আলী, দামুড়হুদা সদর ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, বিভিন্ন স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনের নেতা-কর্মী সহ স্থানীয় সুধী মহল।

অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে আরা ববি। আলোচনা শেষে ৫ জন নারীকে এবছরের সেরা জয়িতাদের সংবর্ধনা ও পুরষ্কৃত করা হয়।

দামুড়হুদায় আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উপলক্ষে আলোচনা সভা

দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির আয়োজনে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস ২০২১ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠান শুরুর আগে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে এক র্যালি বের করা হয়। র্যালিটি উপজেলা মোড় ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টার সময় দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্বে উক্ত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন শিক্ষানুরাগী ও সাবেক অধ্যাপক

এমএ গফুর, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আবু হেনা মোঃ জামাল শুভ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, আব্দুল ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, উপজেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ইসহাক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ুব আলী, দামুড়হুদা সদর ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, বিভিন্ন স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনের নেতা-কর্মী সহ স্থানীয় সুধী মহল।

সভা শেষে বিভিন্ন স্কুল-কলেজ থেকে আগত ছেলে মেয়েরা সহ উপস্থিত সকলেই হাত উঠিয়ে জীবনে কখনো দূর্নীতি করবো না বলে ঘোষনা করেন।

জীবননগর রায়পুরে আন্তর্জাতিক দুর্নীতি দিবস পালিত

জীবননগর উপজেলার রায়পুরে আন্তর্জাতিক দুর্নীতি দিবস পালিত হয়েছে। বৃহস্পতিবার বিকালে রায়পুর বাজারে মানববন্ধন ও সমৃদ্ধি কর্মসূচি অফিসে দুর্নীতি বিরোধী এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

পি. কে. এস. এফ. এর সহযোগিতায় আর. আর. এফ. এর উদ্যোগে দুর্নীতিকে না বলুন এই সেø◌াগানকে সামনে রেখে যুব সদস্যদের সাথে নিয়ে দুর্নীতি বিরোধী বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

এসময় রায়পুর ইউ.পি. চেয়ারম্যান রশিদ শাহ’র সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেনপ্রকল্প সমন্নয়কারী মোস্তাফিজুর রহমান, সমাজ উন্নয়ন কর্মকর্তা শরিফুল ইসলাম, স্বাস্থ্য কর্মকর্তা অহেদুর রহমান সহ এলাকার সুধীজন উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় আগামি সপ্তাহে গাংনী ইউপির ৯ নম্বর ওয়ার্ডের পূণরায় নির্বাচন

আলমডাঙ্গার গাংনী ইউনিয়নের রামনগর ৯ নম্বর ওয়ার্ডের নির্বাচনের আমেজ কাটেনি এখনো। নির্বাচনে একই ভোট পাওয়ায় পূণরায় নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। আগামি ১ সপ্তাহের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হতে পারে বলে জানান আলমডাঙ্গার নির্বাচন কমিশন।
নির্বাচন অফিস সূত্রে জানাযায়, গত ২৮ শে নভেম্বর তৃতীয় ধাপের ১৩ টি ইউনিয়নের ইউপি নির্বাচন অনুষ্ঠিত হয়।

এ নির্বাচনে গাংনী ইউনিয়নেও নির্বাচন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত নির্বাচনে ৯টি ওয়ার্ডে মেম্বার ও সংরক্ষিত মহিলা আসনে যথাযথ ভোটে উত্তীর্ণ হলেও ৯ নম্বর ওয়ার্ডে একই ভোটে দুই প্রার্থী হওয়ায় পূণরায় নির্বাচনে ঘোষণা আসে নির্বাচন কমিশনের পক্ষ থেকে। গত ২৮ শে নভেম্বর নির্বাচনের ৯ নম্বর ওয়ার্ডে ২ প্রার্থী অংশ গ্রহণ করে। মমিনুল হক মোমিন (মোরগ) প্রতিকে ও কলিমুদ্দিন (ফুটবল) প্রতিকে নির্বাচন করে। অনুষ্ঠিত নির্বাচনে ৪০১ ভোটে উত্তীর্ণ হয়। এ নিয়ে ওয়ার্ডে পূণরায় নির্বাচনের ঘোষণা আসে নির্বাচন কমিশনের পক্ষ থেকে।
রামনগর ৯ নম্বর ওয়ার্ডে মোট ভোটার সংখ্যা ৯৩৮ জন। নির্বাচনে মোট ৮৩৮ ভোট পোল হয়। এ ভোটে বাতিল হয় ৩৬ টি। (মোরগ) প্রতিকের প্রার্থীর মোট ভোট পোল হয় ৪৩২ ভোট। তার বাতিল ভোট ৩১ টি। এদিকে ফুটবল প্রতিকের মোট ভোট পোল হয় ৪০৬ টি। তার ভোট বাতিল হয় ৫ টি।
পূণরায় নির্বাচনকে ঘিরে প্রচার-প্রচারণা বন্ধ থাকলেও ভোটারদের দারস্থ হচ্ছে প্রার্থীরা। পছন্দের প্রার্থীকে ভোট দিয়ে জয়যুক্ত করার লক্ষে এখনো চলছে নির্বাচনের আমেজ।

চুয়াডাঙ্গার নেহালপুরে মানসিক ভারসাম্য প্রতিবন্ধির লাশ উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা থানার বেগমপুরের নেহালপুরে রাজু আহম্মেদ নামের এক মানসিক ভারসাম্যহীন যুবকের লাশ উদ্ধার করেছে দর্শনা থানা পুলিশ। গতকাল বুধবার বেলা ১১ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার নেহালপুর পশ্চিমপাড়ার একটি বাঁশ বাগান থেকে তার লাশ উদ্ধার করা হয়।
এসময় তার প্যান্টের পকেট থেকে উদ্ধার করা হয় পলিথিনের প্যাকেটে মোড়ানো ফুরাডান কীটনাশকের বোতল। নিহত রাজু আহম্মেদ (২৪) একই এলাকার দাউদ হোসেন ফকিরের ছেলে।
তার মরদেহ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠিয়েছে পুলিশ।
স্থানীয় ও পরিবার সুত্রে জানাগেছে,
রাজু আহম্মেদ পেশায় একজন কাঠ মিস্ত্রী। সে একজন মানুষিক ভারসাম্যহীন রোগী। সে প্রায়,প্রায় বাড়ি থেকে নিখোঁজ হয়ে যায় এবং বাড়িও ফিরে আসে। এরই ধারাবাহিকতায় গত মঙ্গলবার বিকালের দিকে নিখোঁজ হয়। এরপর থেকে তার সন্ধান করতে থাকি। সে সারারাত পেরিয়ে গেলেও বাড়িতে না ফেরায় চিন্তায় পড়ে যায়। সকাল ৮টার দিকে বাড়ির সামনে (১০০ গজ দূরে) জলিল মাষ্টারের বাঁশ বাগানের মধ্যে মৃতবস্থায় পড়ে থাকতে দেখতে পায় স্থানীয় লোকজন। এরপর তার বাড়ির লোকজনকে খবর দেওয়া হলে তারা ঘটনাস্থলে পৌছে ছেলের লাশ পড়ে থাকতে দেখে। এরপর থানা পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে পৌছে নিহতর সুরতহাল রিপোর্ট করে ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠায়।
রাজুর স্ত্রী রুশিয়া খাতুন জানান, আমার স্বামী আমাকে ভরণপোষণ না দেয়ায় আমি আমার ৩ বছর বয়সী মেয়ে রিয়া খাতুনকে নিয়ে ৪ মাস যাবত ধরে আমার বাবার বাড়ি দামুড়হুদা উপজেলার ইব্রাহিমপুর গ্রামে বসবাস করি। মাঝে মধ্যে আমার শ্বশুর বাড়ি যায় স্বামীর খোঁজ নিতে। দর্শনা থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) শামসুদ্দোহা বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে যায় এবং রাজু আহম্মেদের লাশ উদ্ধার করি। তার পকেট থেকে উদ্ধার করা হয় পলিথিনের প্যাকেটে মোড়ানো ফুরাডান কীটনাশক। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে রাজু আহম্মেদ আত্মহত্যা করেছে।

ময়নাতদন্তের জন্য লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্ত প্রতিবেদন হাতে পেলে প্রকৃত রহস্য জানা যাবে।

জীবননগরে জাল টাকাসহ আটক-২

জীবননগর থানা পুলিশের অভিযানে ৫০টাকার জাল নোটসহ দুই জনকে আটক করেছে পুলিশ।

বুধবার আনুমানিক সন্ধ্যা ৭টার দিকে জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) মোঃ আব্দুল খালেকের নির্দেশে জীবননগর থানার এস আই আমির হোসেন সঙ্গীয় ফোস নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর পৌর শহরের শাপলা প্লাজার শহিদুলের চায়ের দোকানের সামনের থেকে ৬২পিচ ৫০ টাকার জাল নোট সহ মহেশপুর উপজেলার জোহা গ্রামের আলী আকবরের ছেলে ইমন হোসেন (১৭)এবং একই উপজেলার হাবাস পুর গ্রামের আক্তার হোসেনের ছেলে মেহেদী হাসানকে(১৬) আটক করে। এ ব্যাপারে জীবননগর থানায় একটি মামলা হয়েছে।

দর্শনা-জীবননগর সড়কে ট্রাক-মিনিট্রাক মুখোমুখি সংঘর্ঘ

দর্শনা-জীবননগর সড়কে দুটি ট্রাকের মুখোমুখি সংঘর্ঘের ঘটনা ঘটেছে। এতে অল্পের জন্য রক্ষা পেয়েছে দুটি ট্রাকের চালক ও সহকারীর প্রাণ।
মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে আকন্দবাড়িয়া জৈব সার কারখানার সামনে দর্শনা-জীবননগর প্রধান সড়কের নিকটবর্তী স্থানে এ দূর্ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে দূর্ঘটনায় কবলীত দুটি ট্রাক উদ্ধার করেছে পুলিশ।

জানাগেছে, ঢাকা গাজীপুর হতে এস,কে,বি কোম্পানী এসএস পাইপ ভর্তি একটি মিনিট্রাক যার রেজি নং-(ঢাকা মেট্রো-ঠ-১৫-১৫৩৩) দর্শনা- জীবননগর সড়ক ধরে যশোরের উদ্দ্যেশে যাচ্ছিল। এসময় দর্শনা-জীবননগর আকন্দবাড়িয়া জৈব সার কারখানার সামনে প্রধান সড়কের নিকটবর্তী স্থানে পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি খালি ট্রাক যার রেজি নং-(চুয়াডাঙ্গা ট-১১-০৪৪৩) নিয়ন্ত্রণ হারিয়ে মিনি ট্রাকের মুখোমুখি ধাক্কা দেয়।

এতে ট্রাক দুটি ক্ষতিগ্রস্থ হলেও প্রানে বেঁচে যায় ট্রাক দুটির চালক ও হেলপার। ঘটনার পরপরই পালিয়ে যায় ট্রাকের চালক ও হেলপার। ঘটনার খবর পেয়ে দ্রুত ঘটনা স্থলে পৌছায় দর্শনা থানা পুলিশ। এরপর দূর্ঘটনায় কবলিত ট্রাক দুটি পুলিশ হেফাজতে নেয়

দর্শনা সীমান্ত থেকে প্রায় ২ কোটি টাকার ২৩টি স্বর্ণের বার উদ্ধার

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন দামুড়হুদার উপজেলার দর্শনা থানার সীমান্তবর্তী সুলতানপুর গ্রাম থেকে ২ কেজি ৬৮৩ গ্রাম (২৩০ ভরি) ওজনের ২৩টি স্বর্ণের বার উদ্ধার করেছে।

মঙ্গলবার দুপুরে এই স্বর্ণের বার পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করা হয়। উদ্ধারকৃত স্বণের আনুমানিক মূল্য ১ কোটি ৪৪ লক্ষ ৯০ হাজার টাকা।
চুয়াডাঙ্গা-৬ বিজিবির পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান পিএসসি, মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার দিকে জানান, গোপন সংবাদের ভিত্তিত্বে তিনি জানতে পারেন ভারতে বড় একটি স্বর্ণের চালান পাচার হবে। এমন তথ্যর ভিত্তিত্বে সুলতানপুর বিওপির নায়েক রবিউল ইসলাম এর নেতৃত্বে একটি বিশেষ টহল দল সুলতানপুর সীমান্তের ৭৭নং মেইন পিলার থেকে এক কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে সুলতানপুর নামক স্থানে অভিযান চালায়।

এসময় বিজিবির উপস্থিতি টের পেয়ে পাচারকারীরা পালিয়ে গেলে সেখান থেকে পরিত্যক্ত অবস্থায় ২ কেজি ৬৮৩ গ্রাম (২৩০ ভরি) ওজনের ২৩টি স্বর্ণের বার উদ্ধার করে।

যার আনুমানিক মূল্য- ১ কোটি ৪৪ লক্ষ ৯০ হাজার টাকা ।তবে এ ঘটনায় কোন চোরাচালানী কে আটক করতে পারেনী। সুলতানপুর বি ও পি ক্যাম্পের নায়েক সুবেদার রবিউল ইসলাম বাদি হয়ে দর্শনা থানায় সাধারন ডায়েরী করছে বলে জানিয়েছেন দর্শনা থানার ওসি তদন্ত সামসুদোহা।